

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ২১. স্বর্গ উন্মুক্ত ও ফিরিশিতাদের উঠানামা

যীশু নথনেল (Nathanael) নামক শিষ্যকে জানান যে, তারা তখন থেকে স্বর্গকে খোলা এবং স্বর্গের দূতদের যীশুর উপরে উঠানামা করতে দেখবেন। যোহন ১/৫১: "আর তিনি (যীশু) তাঁহাকে (নথনেলকে) কহিলেন, সত্য সত্য, আমি তোমাদিগকে বলিতেছি, এখন হইতে তোমরা দেখিবে, স্বর্গ খুলিয়া গিয়াছে, এবং ঈশ্বরের দূতগণ (ফেরেশতাগণ) মনুষ্যপুত্রের উপর দিয়া উঠিতেছেন ও নামিতেছেন।"

এ কথাটা ভুল। যোহন বাপ্তাইজকের নিকট বাপ্তাইজের সময়ে যীশুর উপর পবিত্র আত্মার নেমে আসার ঘটনার পরে যীশু এ কথাটা বলেছিলেন। যীশুর এ কথা বলার পরে কেউ দেখেননি যে, স্বর্গ বা বেহেশত খুলে রয়েছে এবং ঈশ্বরের দূতরা বা ফেরেশতারা যীশুর উপরে উঠছেন ও নামছেন। যীশুর বলার পরে নথনেল তো দূরের কথা অন্য কোনো মানুষ এ দু'টা বিষয় একত্রে দেখেছেন বলে কোনো প্রমাণ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14183

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন